

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ-এনএইচডি (পূর্বতন-বিপিডি) প্রকল্প
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

প্রকল্পের পটভূমি

সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা দ্রুত ও নির্ভুলভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষাপটে সরকারের বহুবিধ সামাজিক সেবা প্রদান, উন্নয়ন কর্মকান্ড পরিচালনা, সামাজিক নিরাপত্তা বেস্টনী কর্মসূচির আওতায় সম্ভাব্য উপকারভোগী নির্বাচন এবং সকল নাগরিকের জন্য পরবর্তীতে ন্যাশনাল পপুলেশন রেজিস্টার প্রণয়নের লক্ষ্যকে সামনে রেখে বিশ্বব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় বিবিএস “ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ-এনএইচডি (পূর্বতন: ডেভেলপমেন্ট অব দ্যা বাংলাদেশ পোভার্টি ডাটাবেইজ-বিপিডি)” শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করেছে, যার মাধ্যমে দেশের সকল খানা ও খানার সদস্যদের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিক তথ্য-উপাত্ত, খানার কাঠামোগত অবস্থা, পরিসম্পদ ইত্যাদি সম্পর্কিত তথ্য ভান্ডার গড়ে তোলা হবে।

প্রকল্পের মেয়াদ

- প্রকল্পটি জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে।

প্রকল্পের উদ্দেশ্য

- দেশের সকল খানা ও খানার সদস্যগণের তথ্য-উপাত্ত সংগ্রহের মাধ্যমে সকল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক তথ্যসম্বলিত একটি বিস্তারিত ডাটাবেইজ প্রণয়ন;
- এ ডাটাবেইজ হতে Proxy Mean Test-Formula (PMTF)-এর মাধ্যমে খানার আর্থ-সামাজিক অবস্থার নির্দেশক স্কোরসহ সকল খানার ডাটাবেইজ প্রণয়ন;
- সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলোর উপকারভোগী নির্বাচন পদ্ধতি সহজীকরণ;
- জনগণের জীবনমান উন্নয়নে নীতি নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন এবং সরকারি বেসরকারি পর্যায়ে অংশীজন (স্টেকহোল্ডার) ও পরিসংখ্যান ব্যবহারকারীগণের তথ্যের চাহিদা পূরণে সহায়তা প্রদান;
- আর্থ সামাজিক তথ্য সম্বলিত দেশের সকল খানা ভিত্তিক ডাটাবেইজ প্রস্তুত, বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের মধ্যে যোগসূত্র স্থাপন এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপজেলা থেকে সকল প্রশাসনিক মন্ত্রণালয়ের ব্যবহার উপযোগীকরণ;
- সরকারের গৃহীত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পে সঠিকভাবে অতিদরিদ্র ব্যক্তিকে লক্ষ্যভুক্ত (Target) করা এবং লক্ষ্যভুক্তির কৌশল সহজতর করা;
- অতিদরিদ্র জনগোষ্ঠীর উদ্দেশ্যে বাস্তবায়িত বিভিন্ন কর্মসূচি/প্রকল্পের Overlapping পরিহারে সহায়তা করা;
- একটি সমন্বিত সামাজিক নিরাপত্তা নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচিকে সুপ্রতিষ্ঠিত (Consolidate) করতে সহায়তা করা।